



# জোরপূর্বক এবং বাল্যবিবাহ

## অস্ট্রেলিয়াতে কাউকে জোরপূর্বক বিয়ে দেয়া গুরুতর অপরাধ।

অস্ট্রেলিয়াতে মানুষ বিবাহ বন্ধনে আবদ্ধ হবে কিনা এবং কাকে বিয়ে করতে চায় মুক্তভাবে সে সিদ্ধান্ত নিতে পারে। সাধারণত, আইনত বিয়ে করতে হলে একজন ব্যক্তির বয়স 18 বছরের বেশি হতে হবে। কোন কোন ক্ষেত্রে 16 বছরের বেশি বয়সের ব্যক্তি 18 বছরের বেশি বয়সী কোনো ব্যক্তিকে বিয়ে করতে পারেন, কিন্তু তার জন্য আদালতের আদেশ নিতে হবে।

কাউকে জোর করে, হুমকি দিয়ে বা প্রতারণা করে বিয়ে করা অস্ট্রেলিয়াতে আইন বিরুদ্ধ। আপনি ঘটনার শিকার না হলে বলপূর্বক বিয়েকে উৎসাহিত বা সংগঠিত করতে সহায়তা করা, এবং বলপূর্বক বিয়েতে অংশ নেয়াটাও আইন বিরুদ্ধ। এটা আইনি, সাংস্কৃতিক এবং ধর্মীয় বিয়ের ক্ষেত্রে প্রযোজ্য।

পরিকল্পিত বিবাহ (অ্যারেঞ্জড ম্যারেজ) উভয়পক্ষের মুক্ত সম্মতিক্রমে হয়ে থাকে যা জোরপূর্বক বিবাহ থেকে আলাদা। অস্ট্রেলিয়াতে পরিকল্পিত বিবাহ বৈধ।

আপনি বা আপনার পরিচিত কেউ বিপদাপন্ন হলে 000 নম্বরে পুলিশকে কল করুন।

অস্ট্রেলিয়ার পুলিশ নিরাপদ এবং বিশ্বাসযোগ্য।

আপনার বিনামূল্যে দোভাষী প্রয়োজন হলে 131 450 নম্বরে ফোন করুন।

## জোরপূর্বক বিবাহের জন্য কাউকে অন্য দেশে নিয়ে যাওয়া বা পাঠানো অথবা অন্য কাউকে দিয়ে এই কাজ করানো অবৈধ।

কখনো কখনো মানুষকে ইচ্ছার বিরুদ্ধে বিদেশে নিয়ে যাওয়া হয়, অথবা জোরপূর্বক বিয়ের জন্য প্রতারণার মাধ্যমে বিদেশে নেওয়া হয়। এটা আইন বিরোধী এবং তা করলে কারাগারে পাঠানো হতে পারে।

## আপনি, অথবা আপনার পরিচিত কেউ কি এই ঝুঁকিতে আছে?

আপনি বা আপনার পরিচিত কেউ জোরপূর্বক বা বাল্য বিবাহের ঝুঁকিতে থাকলে আপনি 131 237 নম্বরে **অস্ট্রেলিয়ান ফেডারেল পুলিশ** (এএফপি) (**Australian Federal Police, AFP**)-কে ফোন করতে পারেন।

এএফপি আপনাকে নিরাপদে রাখতে, প্রাথমিক পরামর্শ প্রদান করতে এবং বাসস্থান, আর্থিক সহায়তা, কাউন্সেলিং ও আইনি এবং অভাবাসনের মত অন্যান্য সেবায় পাঠারতে পারে। এএফপি-এর ওয়েবসাইট [www.afp.gov.au](http://www.afp.gov.au)-এ আরো তথ্য পাওয়া যাবে।

## সাহায্য করার জন্য অস্ট্রেলিয়াতে আরো পরিষেবা রয়েছে।

আমার নীল আকাশ (**My Blue Sky**) হল অস্ট্রেলিয়ার জাতীয় ওয়েবসাইট ও হেল্পলাইন যা জোরপূর্বক বিবাহ প্রতিরোধ, তথ্য, রেফারাল ও বিনামূল্যে আইনি পরামর্শের জন্য নিবেদিত।

(02) 9514 8115 নম্বরে কল করুন, 0481 070 844 নম্বরে স্মুদে বার্তা পাঠান, [help@mybluesky.org.au](mailto:help@mybluesky.org.au) ঠিকানায় ইমেইল করুন, অথবা [www.mybluesky.org.au](http://www.mybluesky.org.au)-এ আমার নীল আকাশ এর ওয়েবসাইটে যান।

সাহায্য করার জন্য অস্ট্রেলিয়াতে সাংস্কৃতিকভাবে সংবেদনশীল সেবা আছে।

**1800RESPECT** হলো অস্ট্রেলিয়ার জাতীয় যৌন নির্যাতন, পারিবারিক এবং গৃহস্থালি সহিংসতা সংক্রান্ত পরামর্শ সেবা (Australia's national sexual assault, family and domestic violence counselling service)। বিনামূল্যের এই সেবা টেলিফোনে এবং অনলাইনে গোপনীয় পরামর্শ এবং তথ্য প্রদান করে থাকে। পরামর্শদাতারা আপনার কথা শুনবেন, আপনার প্রশ্নের জবাব দিবেন এবং আপনার স্থানীয় এলাকায় অন্যান্য সহায়তা পরিষেবাগুলো সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারেন।

**1800 737 732** নম্বরে ফোন করুন বা **1800RESPECT** এর ওয়েবসাইট **www.1800RESPECT.org.au**-এ যান।

## আপনার কি একজন দোভাষী প্রয়োজন?

**131 450** নম্বরে **অনুবাদ এবং দোভাষী সেবায়** (টিআইএস) (**Translating and Interpreting Service, TIS**) ফোন করুন। TIS-এর একজন দোভাষী আপনাকে অন্যান্য সেবার সাথে যোগাযোগ করতে সাহায্য করতে পারে, তবে TIS কোনো পরামর্শ প্রদান করে না। সমস্ত ফোন কল বিনামূল্যে করা যায় এবং সেগুলো গোপনীয় রাখা হয়।

## জোরপূর্বক বিবাহ সম্পর্কে আরো তথ্যের জন্য:

অভ্যন্তরীণ বিষয়ক বিভাগের (**Department of Home Affairs**) ওয়েবসাইট **www.homeaffairs.gov.au**-এ গিয়ে "forced marriage" ("জোরপূর্বক বিয়ে") এর জন্য অনুসন্ধান করুন।